


পরিবার পত্র


প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনরা,

২য় অধ্যায়ে আমাদের ক্লাসে আমরা শিখব ত্রিমাত্রিক জ্যামিতি, পৃষ্ঠফল ও ঘনফল সহ। আমরা ত্রিমাত্রিক নক্সা তৈরী করব এবং শব্দ বা বীজগাণিতিক রাশিমালা ব্যবহার করে তার বর্ণনা করব। আমরা ব্লক ব্যবহার করে জটিল কাঠামোও তৈরী করব যা দ্বিমাত্রিক আঁকা ত্রিমাত্রিকতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয় ও আঁকাটি জটিল কাঠামোটিকে ঠিকঠাক বর্ণনা করতে পারে।

নিচে জ্যামিতিক ব্লক নক্সার একটি উদাহরণ দেওয়া হল যা আমরা তৈরী করব। আমরা নক্সাটিকে দেখে এটি চিহ্নিত করব যে ধাপ ৪ এবং ৫-এ কটি ঘনক থাকবে ইত্যাদি।



এই ছবিটিকে আরেকভাবেও আঁকা যায়, তাকে বলা হবে টপ-কাউন্ট ভিউ (উপরিতল চিত্র)। এটিতে উপর থেকে ব্লক নক্সা দেখলে যেমন মনে হবে সেরকম ভাবে দেখানো হয়েছে। প্রথম তিনটি টপ-কাউন্ট ভিউ এরকম দেখতে হবে। ছবিতে নম্বরগুলি থেকে বোঝা যায় প্রতিটি স্তরে গাদায় কটি করে ব্লক আছে।



এইভাবে যেতে যেতে আমরা চেষ্টা করব ধাপ ৯৩-এ কটি ব্লক হবে তা হিসাব করতে, যদি ধাপ ৯২-তে ৮,৪৬৪টি ব্লক থাকে।

শব্দাবলী আমরা যে নতুন শব্দগুলি এখানে শিখব তা হল :

ভূমি

বেলন

সর্বমোট

প্রিজম

পৃষ্ঠফল

ঘনফল

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আমরা এখন দ্বিতীয় অধ্যায় শেষ করতে চলেছি, এবার আপনারা ও আপনারদের ছাত্র/ছাত্রীরা হয়ত বিভিন্ন ক্যান ও পাত্র জোগাড় করে তাদের ঘনফল কী হবে তা বলার চেষ্টা করবেন। তারপর ক্যান বা পাত্রের আসল ঘনফল বার করে দেখবেন আপনারদের সংকেত ঠিক ছিল কিনা। তারপর দেখবেন কে ভাল সংকেতকার, আপনি না ছাত্র/ছাত্রীরা ?

